

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬৩]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ শামী (সংকীর্ণ) জুববা পরিধান করে নামায পড়া

بَابِ الصَّلَاةِ فِي الْجُبَّةِ الشَّامِيَّةِ

#### আরবী

الله عَنْ مُغِيرَةَ بْنِ شُعْبَةَ قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَقَالَ يَا مُغِيرَةُ خُدْ الْإِدَاوَةَ فَأَخَذْتُهَا فَانْطَلَقَ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى تَوَارَى عَنِي مُغِيرَةُ خُدْ الْإِدَاوَةَ فَأَخَذْتُهَا فَانْطَلَقَ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى تَوَارَى عَنِي فَقَضَى حَاجَتَهُ وَعَلَيْهِ جُبَّةُ شَأْمِيَّةٌ فَذَهَبَ لِيُخْرِجَ يَدَهُ مِنْ كُمِّهَا فَضِنَاقَتْ فَأَخْرَجَ يَدَهُ مِنْ أُمِيَّهَ فَضَاقَتْ فَأَخْرَجَ يَدَهُ مِنْ أُمِيَّهَا فَصَلَاقَتْ فَأَخْرَجَ يَدَهُ مِنْ أُسُولُ أَسْفَلِهَا فَصِبَبَبْتُ عَلَيْهِ فَتَوَضَّا وُضِنُوءَهُ لِلصَّلَاةِ وَمَسَحَ عَلَى خُفَيْهِ ثُمَّ صِلَّى

#### বাংলা

২৩৪) মুগীরা বিন শু'বা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কোন এক সফরে ছিলাম। তিনি বললেনঃ হে মুগীরা! পানির পাত্র আন। আমি পানির পাত্র হাতে নিলাম। অতঃপর তিনি যেতে লাগলেন। এমনকি তিনি দৃষ্টির আড়ালে চলে গেলেন এবং তাঁর প্রাকৃতিক প্রয়োজন পূর্ণ করলেন। তখন তাঁর পরনে ছিল একটি শামী জুববা। তিনি জুববার আস্তীনের মধ্য থেকে হাত বের করতে চাইলেন। কিন্তু তা সংকীর্ণ হওয়ার কারণে জুববার নীচের দিক থেকে হাত বের করলেন। আমি তাঁর হাতে পানি ঢাললাম। তিনি নামাযের ন্যায় পূর্ণ অযু করলেন এবং নিজের মোজার উপর মাসেহ করলেন। তারপর নামায আদায় করলেন।

### **English**

To offer As-Salat (the prayers) in a Syrian cloak (made by infidels)

### Narrated Mughira bin Shu`ba:

Once I was traveling with the Prophet (ﷺ) and he said, "O Mughira! take this container of water." I took it and Allah's Messenger (ﷺ) went far away till he disappeared. He answered the call of nature and was wearing a Syrian cloak. He tried to take out his hands from its sleeve but it was very tight so he took out his hands from under it. I poured water and he performed ablution like that for prayers and passed his wet hands over his Khuff (socks made from



## thick fabric or leather) and then prayed .

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন